“যে কোন মুসলিম আমার উপর সালাম দিলে আল্লাহ তা‘আলা আমার নিকট আমার রূহটি ফেরত দেন যাতে আমি তার সালামের উত্তর দিতে পারি”।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে কোন মুসলিম আমার উপর সালাম দিলে আল্লাহ তা‘আলা আমার নিকট
আমার রূহটি ফেরত দেন যাতে আমি তার সালামের উত্তর দিতে পারি”।
[হাদীসটির সনদ হাসান] [এটি আবু দাউদ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, তার রূহ তাকে ফেরত দেওয়া হয় যাতে দূরের বা কাছের যারাই তাকে সালাম প্রদান করেন তাদের তিনি উত্তর দেন। বারযাখ ও কবরের জীবন হল গায়েবী বিষয়, তার হাকিকত আল্লাহ ছাড়া কেউ জানে না, তিনি সব কিছুর ওপর ক্ষমতাবান।

http://sunnah.global/hadeeth/bn/show/6222